## অধ্যায়-চার

### বাংলাদেশের অর্থনীতি

■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন- ১ ▸▸**

তমিজ উদ্দিন তার তিন ছেলেকে সাথে নিয়ে তার জমিতে ধান, গম, সরিষা, ভুট্টাসহ নানা ধরনের ফসল চাষ করে। তার স্ত্রী ও পুত্রবধূরাও ফসল তোলার কাজে সহায়তা করে। অবসর সময়ে সে বাড়ির সামনে একটি মুদি দোকান চালায়। কিন্তু এসব কাজের জন্য কেউ তাকে কোনো বেতন দেয় না। তাতে সে মনে কষ্ট না পেয়ে বরং গর্ববোধ করে।

ক. SAFTA এর পুরো নাম কী?

খ. মাঝারি শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।

গ. তমিজ উদ্দিনের পরিবারের সদস্যদের কাজ কোন ধরনের অর্থনৈতিক কাজের আওতাভুক্ত তা ব্যাখ্যা কর।

ঘ.তমিজ উদ্দিনের মতো মানুষের কাজ জাতীয় অর্থনীতিতে গুরবত্বপূর্ণ অবদান রাখছে– মূল্যায়ন কর।

**ক** SAFTA এর পুরো নাম South Asian Free Trade Area।

**খ** যেসব শিল্প প্রতিষ্ঠানে দেড় কোটি টাকার অধিক মূলধন খাটে সেগুলোকে সাধারণত মাঝারি শিল্প বলে গণ্য করা হয়। যেমন : হাল্কা ইঞ্জিনিয়ারিং, সিল্ক, সিরামিক, কোল্ড স্টোরেজ বা হিমাগার প্রভৃতি। দেশের চাহিদা পূরণ করে ও অনেক লোকের কর্মসংস্থানের মাধ্যমে এ ধরনের শিল্প জাতীয় অর্থনীতিতে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে।

**গ** তমিজ উদ্দিনের পরিবারের সদস্যদের কাজ প্রথাগত বা অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজের আওতাভুক্ত। অনানুষ্ঠানিক অর্থনৈতিক কার্যক্রম বলতে সেগুলোকেই বোঝায়, যেসব কাজের জন্য মজুরি নির্ধারিত নেই, করের আওতায় আনাও কঠিন এবং যেসব অর্থনৈতিক কার্যক্রম সরকার কর্তৃক নিয়ন্ত্রিত হয় না। উদ্দীপকের তমিজ উদ্দিন তার তিন ছেলেকে সাথে নিয়ে জমিতে ধান, গম, ভুট্টাসহ নানা ধরনের ফসল চাষ করেন। স্ত্রী ও পুত্রবধূরাও ফসল তোলার কাজে তাকে সহায়তা করে। এসব কাজের জন্য কেউ তমিজ উদ্দিনকে বা তার পরিবারের সদস্যদেরকে কোনো পারিশ্রমিক প্রদান করেন না। এসব কাজ করের আওতায় আনা কঠিন এবং সরকার কর্তৃক নিয়ন্ত্রিত হয় না। তাই বলা যায়, তমিজ উদ্দিনের পরিবারের সদস্যদের কাজটি অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজের আওতাভুক্ত।

**ঘ** তমিজ উদ্দিনের মতো মানুষের কাজ জাতীয় অর্থনীতিতে গুরবত্বপূর্ণ অবদান রাখছে। অনুন্নত বা উন্নয়নশীল দেশের মতো বাংলাদেশের অর্থনীতিতে অনানুষ্ঠানিক খাত প্রধান ভূমিকা পালন করছে। গ্রামের একজন চাষি ও তার পরিবারের সদস্যরা সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত জমিতে কাজ করেন। নিজেদের জমিতে কাজ করার জন্য তারা কোনো মজুরি নেন না বা পান না। তমিজ উদ্দিন ও তার পরিবার যে কাজ বা পরিশ্রম করে তাতে কেবল তার পরিবার নয়, সমাজ ও রাষ্ট্রও উপকৃত হচ্ছে। দেশের মোট খাদ্য চাহিদার বড় অংশ তমিজ উদ্দিনের মতো কৃষকরা উৎপাদন করছেন। এছাড়াও গ্রাম প্রধান বাংলাদেশে তার মতো বেশিরভাগ মানুষ নিজস্ব উদ্যোগে ও শ্রমে ধান, পাট, রবিশস্য, শাকসবজি ও ফলমূল উৎপাদন, মাছ ধরা, গরব–ছাগল ও হাঁসমুরগি পালন, কুটিরশিল্প হাটবাজারে বিক্রি করার মাধ্যমে তাদের জীবিকার সংস্থান করছে। এভাবে তারা দেশের অর্থনীতির চাকা সচল রাখতে ভূমিকা রাখছে। তাই বলা যায়, তমিজ উদ্দিনের মতো মানুষের কাজ জাতীয় অর্থনীতিতে গুরবত্বপূর্ণ অবদান রাখছে। তাই প্রশ্নোক্ত এ কথাটি যথার্থ ও সঠিক।

**প্রশ্ন- ২ ▸▸**

জরিনা বেগম গ্রামের একজন গরিব বিধবা মহিলা। সে একদিন বাজার থেকে বাঁশ ও বেত কিনে নিয়ে আসে। দুই মেয়েকে নিয়ে ডালা, কুলা ও ফুলদানি তৈরি করে। তার ছেলে তামজিদ এগুলো বাজারে বিক্রি করে। এতে তাদের যে লাভ হয় তা দিয়ে সংসার চলে। দিনে দিনে তাদের তৈরিকৃত দ্রব্যের চাহিদা বাড়তে থাকে। পরবর্তীতে তামজিদ তার বাবার এক বন্ধুর সহযোগিতায় স্থানীয় একটি ব্যাংক থেকে ঋণ নেয়। সে কেক, বিস্কুটসহ বিভিন্ন খাদ্যদ্রব্য তৈরির কারখানা স্থাপন করে। তামজিদ তার কারখানায় খাদ্যদ্রব্য প্রক্রিয়াজাত এবং প্যাকেটজাত করে বাজারে বিক্রি করে প্রচুর লাভ করে।

ক. রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা প্রতিষ্ঠার উদ্দেশ্য কী?

খ. অনানুষ্ঠানিক অর্থনৈতিক কার্যক্রম বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।

গ. তামজিদের স্থাপিত কারখানাটি কোন শিল্পের অন্তর্গত তা ব্যাখ্যা কর।

ঘ.বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে জরিনা বেগমের কাজের অবদান মূল্যায়ন কর।

**ক** রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা প্রতিষ্ঠার উদ্দেশ্য বিদেশি বিনিয়োগকারীদের আকৃষ্ট করা।

**খ** যেসব কাজের জন্য মজুরি নির্ধারিত নেই, করের আওতায় আনাও কঠিন এবং যেসব অর্থনৈতিক কার্যক্রম সরকার কর্তৃক নিয়ন্ত্রিত হয় না, সেগুলোকে অনানুষ্ঠানিক অর্থনৈতিক কার্যক্রম বলে। যেমন– নিজের জমি, দোকান বা ব্যবসা প্রতিষ্ঠানে কাজ, গৃহস্থালি কর্ম, হকারি, দিনমজুরি প্রভৃতি।

**গ** তামজিদের স্থাপিত কারখানাটি ক্ষুদ্র শিল্পের অন্তর্গত। কারণ যেসব শিল্পে দেড় কোটি টাকার কম মূলধন খাটে সেগুলোকে ক্ষুদ্র শিল্প বলে। চাল কল, ছোট ছোট জুতা বা পরাস্টিক কারখানা, খাদ্য প্রক্রিয়াজাত শিল্প ক্ষুদ্র শিল্পের উদাহরণ। উদ্দীপকের তামজিদ তার বাবার এক বন্ধুর সহযোগিতায় স্থানীয় একটি ব্যাংক থেকে ঋণ নেয়। সে কেক, বিস্কুটসহ বিভিন্ন খাদ্যদ্রব্য তৈরির কারখানা স্থাপন করে। আর খাদ্য প্রক্রিয়াজাত কারখানা ক্ষুদ্র শিল্পের আওতাভুক্ত। তাই বলা যায়, তামজিদের প্রতিষ্ঠিত কারখানাটি ক্ষুদ্র শিল্পের অন্তর্ভুক্ত।

**ঘ** বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে জরিনা বেগমের কুটির শিল্পে কাজের ভূমিকা অত্যন্ত গুরবত্বপূর্ণ। বাংলাদেশের মতো জনবহুল দেশে স্বনির্ভরতা অর্জনে ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে একটি ভালো ও সম্ভাবনাময় খাত হলো কুটিরশিল্প। কুটিরশিল্পে উৎপাদন ও বিপণনের কাজটি মালিক নিজে বা তার পরিবারের সদস্যরাই করে থাকেন। উদ্দীপকে জরিনা বেগম বাজার থেকে বাঁশ ও বেত কিনে নিয়ে আসে এবং মেয়েকে নিয়ে ডালা, কুলা ও ফুলদানি প্রভৃতি জিনিস তৈরি করে। তার ছেলে তামজিদ এগুলো বাজারে বিক্রি করে। এ থেকে প্রাপ্ত আয়ে তার সংসার চলে। এভাবে তিনি কুটিরশিল্প স্থাপন করে স্বনির্ভর হয়েছেন। আর বাংলাদেশের মতো বৃহৎ জনসংখ্যার ও শিল্পে অনগ্রসর একটি দেশে জরিনার প্রতিষ্ঠিত কুটির শিল্প ও অন্যান্য কুটির শিল্প অসংখ্য মানুষের কর্মসংস্থান ও স্বনির্ভরতা অর্জনের সুযোগ করে দিয়ে জাতীয় অর্থনীতিতে মূল্যবান অবদান রাখছে।

**প্রশ্ন– ১ ▸▸**

নাঈম ও শাহেদ ছোটবেলায় একসাথে লেখাপড়া করেছে। বর্তমানে নাঈম গ্রামে তার জমিতে একটি নার্সারি করেছে। আর শাহেদ শহরে একটি কাপড়ের দোকান দিয়েছে। দুজনই আর্থিক দিক থেকে উন্নতি লাভ করেছে।

ক. বাংলাদেশের অর্থনীতির প্রধান খাত কী? ১

খ. অর্থনৈতিক খাত বলতে কী বোঝায়? ২

গ. নাঈম ও শাহেদের কাজ অর্থনীতির কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ.বাংলাদেশের গ্রামীণ ও শহুরে অর্থনীতিতে উক্ত খাতের গুরবত্ব বিশেরষণ কর। ৪

**ক** বাংলাদেশের অর্থনীতির প্রধান খাত হলো কৃষি।

**খ** কোনো দেশের অর্থনীতিতে সংঘটিত অর্থনৈতিক কর্মকাণ্ডের সমষ্টিগত অবদানের ভিত্তিকেই অর্থনৈতিক খাত বলা হয়। যেমন : কৃষিখাত, শিল্পখাত ইত্যাদি। অর্থনৈতিক খাত আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক দুই ধরনের হয়।

**গ** নাঈম ও শাহেদের কাজ অর্থনীতির অনানুষ্ঠানিক খাতের অন্তর্ভুক্ত। কেননা অনানুষ্ঠানিক কাজ বলতে সেসব কাজকে বোঝায় যেসব কাজের জন্য মজুরি নির্ধারিত নেই, করের আওতায় আনা কঠিন এবং সরকার কর্তৃক নিয়ন্ত্রিত হয় না। যেমন : নিজের জমি চাষ, দোকান বা ব্যবসায় প্রতিষ্ঠানের কাজ, গৃহস্থালি কর্ম, হকারি, দিনমজুরি প্রভৃতি। উদ্দীপকে নাঈম তার নিজ জমিতে একটি নার্সারি করেছে। নার্সারিতে সে যেসব গাছ বা ফুলের চাষ করে তা বিক্রি করে সে মুনাফা লাভ করে। এই মুনাফার পরিমাণ নির্দিষ্ট নয় বলে তার আয়কে করের আওতায় আনা কঠিন। আর শাহেদ শহরে কাপড়ের দোকান দিয়েছে অর্থাৎ সে একজন ব্যবসায়ী। সে কম দামে কাপড় কিনে বেশি দামে বিক্রি করে মুনাফা অর্জন করে। তাই তার আয়ও করের আওতায় আনা কঠিন। নাঈম ও শাহেদের কাজের বৈশিষ্ট্য অনানুষ্ঠানিক কাজের বৈশিষ্ট্যের অনুরূ প। তাই বলা যায়, নাঈম ও শাহেদ যেসব কাজ করছে তা অনানুষ্ঠানিক খাতের আওতাভুক্ত।

**ঘ** বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের গ্রামীণ ও শহুরে অর্থনীতিতে অনানুষ্ঠানিক খাত গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। উদ্দীপকে নাঈম গ্রামে থেকেই নিজে নার্সারি করে স্বাবলম্বী হয়েছে। অন্যদিকে তার বন্ধু শহরে কাপড় বিক্রি করে স্বাবলম্বী হয়েছে। এখান থেকে বোঝা যায়, গ্রামের ও শহরের অনানুষ্ঠানিক কাজের মধ্যে কিছু ভিন্নতা রয়েছে। গ্রামের অধিকাংশ মানুষ তার পরিবারের সদস্যদের নিয়ে সারাদিন কৃষিকাজ করে। এসব কাজের মজুরি তারা সাথে সাথে পায় না বা নেয় না। কিন্তু সকলের দৈনন্দিন কাজের ফল তাদের পরিবার, সমাজ এবং রাষ্ট্র জাতীয়ভাবে লাভ করে। গ্রামের কুটিরশিল্প, ছোট ছোট ব্যবসা অতীতকাল থেকেই এসব অনানুষ্ঠানিক কাজ চলে আসছে। অন্যদিকে বাংলাদেশের শহরের অধিকাংশ মানুষ স্বল্প আয়ের। আর স্বল্প আয়ের মানুষ, ছোট দোকান, হকারি, ফেরি, নির্মাণ ইত্যাদি অনানুষ্ঠানিক কাজ করে ভাসমান জীবনযাপন করে। এছাড়াও মাঝারি ও উচ্চ আয়ের অনেক মানুষ অনানুষ্ঠানিক কাজে নিজেদের নিয়োজিত রেখেছেন। শহর কিংবা গ্রাম বাংলাদেশের সর্বত্র অনানুষ্ঠানিক কাজের গুরবত্ব অপরিসীম। এখনও পর্যন্ত এদেশের অর্থনীতি অনেকাংশে এ খাতের ওপর নির্ভরশীল।

**শ্ন– ২ ▸▸**

জনাব লুৎফর রহমান নারায়ণগঞ্জে একটি সিরামিক শিল্প কারখানা পরিদর্শন করতে গিয়ে তার মনে ইচ্ছা জাগল এ শিল্প স্থাপন করার। তিনি সিরামিক শিল্পের প্রয়োজনীয় সকল উপাদান নিয়োগ করে এ শিল্প স্থাপনের কাজ শুরু করেন।

ক. শিল্পকে কয় ভাগে ভাগ করা হয়? ১

খ. বৃহৎ শিল্প বলতে কী বুঝো? ২

গ. জনাব লুৎফর রহমান কোন ধরনের শিল্প স্থাপন করতে চেয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ.বাংলাদেশের অর্থনীতিতে জনাব লুৎফর রহমানের স্থাপিত শিল্প কী অবদান রাখতে পারে বলে তুমি মনে কর? তোমার মতামত বিশেরষণ কর। ৪

**ক** শিল্পকে চার ভাগে ভাগ করা হয়।

**খ** যেসব শিল্প প্রতিষ্ঠানে প্রচুর মূলধন, কাঁচামাল, দক্ষ শ্রমিক ও কারিগর, প্রকৌশলী, ব্যবস্থাপক ইত্যাদির প্রয়োজন হয় তাকে বৃহৎ শিল্প বলা হয়। উল্লেখযোগ্য বৃহৎ শিল্প হলো: পাট, বস্ত্র, চিনি, রেল, সিমেন্ট, সার, বিদ্যুৎ প্রভৃতি।

**গ** জনাব লুৎফর রহমান যে শিল্প কারখানা স্থাপন করতে চেয়েছেন তা মাঝারি শিল্প। কেননা মাঝারি শিল্প বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝায় যেসব শিল্প প্রতিষ্ঠানে দেড় কোটি টাকার অধিক মূলধন খাটে। যেমন: হাল্কা ইঞ্জিনিয়ারিং, সিল্ক, সিরামিক, কোল্ডস্টোরেজ বা হিমাগার প্রভৃতি। উদ্দীপকে জনাব লুৎফর রহমান একটি সিরামিক শিল্প কারখানা পরিদর্শন করতে গিয়ে নিজে এরূ প একটি শিল্প স্থাপনের ইচ্ছা করেন। আর সিরামিক শিল্প মাঝারি শিল্পের অন্যতম উদাহরণ। কারণ এ শিল্পে দেড় কোটি টাকার অধিক মূলধন খাটে। তাই বলা যায়, জনাব লুৎফর রহমান মাঝারি শিল্প স্থাপন করতে চেয়েছেন।

**ঘ** বাংলাদেশের অর্থনীতিতে জনাব লুৎফর রহমানের স্থাপিত শিল্প গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে বলে আমি মনে করি। বর্তমান আধুনিকতার যুগে মানুষ অনেক বেশি শৌখিন হয়েছে। সিরামিকের তৈরি পণ্য ব্যবহারে মানুষ স্বাচ্ছন্দ্যবোধ করে। তাই এর চাহিদা বৃদ্ধি পেয়েছে। এ শিল্প স্থাপনে অনেক লোকের কাজের সংস্থান হবে। ফলে তাদের মাথাপিছু আয় বৃদ্ধি পাবে। এভাবে জাতীয় আয়ও বৃদ্ধি পাবে এবং জনগণের জীবনযাত্রার মান উন্নত হবে। দেশের চাহিদা পূরণ করে বিদেশে রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জিত হবে। আর বিদেশ থেকে অর্থ উপার্জনের মাধ্যমে দেশের অর্থনীতি গতিশীল হবে। তাই বলা যায়, বাংলাদেশের অর্থনীতিতে লুৎফর রহমানের স্থাপিত শিল্প তথা মাঝারি শিল্প অত্যন্ত গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে।

**প্রশ্ন– ৩ ▸▸**

বিশ্ববিদ্যালয় পড়ুয়া মিজান লেখাপড়া শেষে চাকরির চেষ্টা না করে স্বল্প পুঁজি দিয়ে মাটির তৈরি বিভিন্ন পণ্য তৈরি করে। তার উৎপাদিত পণ্য বাজারে বিক্রি করে সে বেশ লাভবান হয়। সে লৰ করল তার গ্রামে উৎপাদিত খাদ্যশস্যের অনেকাংশ নষ্ট হয়ে যায় প্রক্রিয়াজাতকরণের অভাবে। তাই সে সিদ্ধান্ত নিল একটি খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপন করার।

ক. পৃথিবীর সর্ববৃহৎ পাটকল কোনটি? ১

খ. কুটিরশিল্প বলতে কী বোঝায়? ২

গ. মিজানের প্রথম ও পরবর্তী শিল্পের মধ্যে পার্থক্য দেখাও। ৩

ঘ.বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে অন্যান্য শিল্পের অবদান বিশেরষণ কর। ৪

**ক** পৃথিবীর সর্ববৃহৎ পাটকল আদমজি জুট মিল্স।

**খ** কুটিরশিল্প বলতে ঘরোয়া পরিবেশে গড়ে ওঠা শিল্পকে বোঝায়। মালিকের নিজের পরিবারের সদস্যদের সহযোগিতায় স্বল্প পুঁজি নিয়ে যে শিল্প গঠন করা হয়, তাকে কুটিরশিল্প বলে। যেমন : তাঁত, মাটির তৈরি জিনিসপত্র, বেত, বাঁশ ও কাঠের তৈরি জিনিসপত্র ইত্যাদি উলেরখযোগ্য কুটিরশিল্প।

**গ** মিজানের প্রথমে মাটির তৈরি পণ্যের শিল্পকে কুটিরশিল্প এবং পরে খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পকে ক্ষুদ্র শিল্পের অন্তর্ভুক্ত করা যায়। মালিক তার নিজের পরিবারের সদস্যদের নিয়ে স্বল্প পুঁজিতে ঘরোয়া পরিবেশে যে শিল্প গড়ে তোলে, তাকে কুটিরশিল্প বলে। অন্যদিকে দেড় কোটি টাকার কম পুঁজি নিয়ে গড়ে ওঠা শিল্পকে ক্ষুদ্র শিল্প বলে। কুটিরশিল্প ঘরোয়া পরিবেশে গড়ে তোলা হয়, অন্যদিকে ক্ষুদ্র শিল্পের জন্য কারখানা ব্যবহার করা হয়। কুটিরশিল্পে মালিকের পরিবারের সদস্যদের নিয়ে উৎপাদন কাজ পরিচালনা করা হয়। কিন্তু ক্ষুদ্র শিল্পে কিছু শ্রমিক নিয়োগ দিয়ে উৎপাদন কাজ পরিচালনা করা হয়। কুটিরশিল্প খুবই কম পুঁজিতে শুরব করা যায়। অন্যদিকে ক্ষুদ্র শিল্প স্থাপনে এর তুলনায় একটু বেশি পুঁজির দরকার হয়। যেমন : মিজানের ৰেত্রেও দেখা যায়। কুটিরশিল্পে বেশিরভাগ ৰেত্রে বিদ্যুৎ ব্যবহৃত হয় না। কুটিরশিল্পে তেমন যন্ত্রপাতির দরকার হয় না আর হলেও তা প্রাচীন পদ্ধতির। কিন্তু ক্ষুদ্র শিল্পে যন্ত্রপাতি ব্যবহার করা হয়।

**ঘ** বাংলাদেশ কৃষিপ্রধান দেশ হলেও এদেশের অর্থনৈতিক উন্নয়নে শিল্প গুরবত্বপূর্ণ অবদান রাখে। এদেশের শিল্পকে বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র ও কুটিরশিল্প এ চারভাগে ভাগ করা যায়। আমাদের জাতীয় জীবনে এখন এসব শিল্পের ব্যবহার প্রধান ভূমিকা রাখছে। আমরা খাদ্য, বস্ত্র, বাসস্থান নির্মাণ, শিৰা, চিকিৎসা, জ্বালানি, বিদ্যুৎ ইত্যাদি কোনো না কোনো শিল্প থেকে পেয়ে থাকি। শিল্প ছাড়া বর্তমানে আমাদের জীবন অচল। আবার এসব শিল্প কারখানায় লৰ লৰ নারী–পুরবষ কাজ করছে। এর মধ্যে প্রায় ৬১ শতাংশ কর্মজীবী মানুষ ক্ষুদ্র শিল্পে নিয়োজিত আছে। বর্তমানে গার্মেন্টস শিল্পের প্রসারে লৰ লৰ বেকার মানুষের কর্মসংস্থান হচ্ছে। এসব শিল্পে উৎপাদিত পণ্য দেশের চাহিদা পূরণ করে বিদেশের বাজারে বিক্রি হচ্ছে। আর বিদেশ থেকে অর্থোপার্জনের মাধ্যমে দেশের অর্থনীতি গতিশীল হচ্ছে। এভাবেই বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে মিজানের শিল্পের মতো অন্যান্য শিল্পগুলো অবদান রাখছে।

**প্রশ্ন– ৪ ▸▸**

জনাব আক্তার হোসেন একজন পাট ব্যবসায়ী। কয়েক বছর আগে পাটের ব্যবসায় লোকসান হওয়ায় তিনি অন্য ব্যবসায় জড়িয়ে পড়েন। সম্প্রতি তিনি আবার পাটের ব্যবসায় ফিরে এসেছেন। তিনি এখন বিভিন্ন পাটজাত দ্রব্য রপ্তানি করেন।

ক. বাংলাদেশের পণ্যসামগ্রীর সবচেয়ে বড় ক্রেতা কোন দেশ? ১

খ. বাংলাদেশ সৃষ্টির পূর্বে এদেশে শিল্পের অবস্থা কেমন ছিল? ২

গ. জনাব আক্তার হোসেন কেন আবার পাটের ব্যবসায় ফিরে আসলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ.বাংলাদেশের অর্থনীতিতে আক্তার হোসেনের কাজটির গুরবত্ব পাঠ্যপুস্তকের আলোকে আলোচনা কর। ৪

**ক** বাংলাদেশের পণ্যসামগ্রীর সবচেয়ে বড় ক্রেতা হলো যুক্তরাষ্ট্র।

**খ** বাংলাদেশ একটি কৃষিপ্রধান দেশ হলেও ব্রিটিশ আমল থেকেই এখানে কিছু কিছু শিল্প বা কলকারখানা গড়ে উঠতে থাকে। তার মধ্যে পাট, সুতা ও কাপড়ের কলই ছিল প্রধান। পাকিস্তান সৃষ্টির পর পূর্ববাংলার নারায়ণগঞ্জে প্রতিষ্ঠিত হয় পৃথিবীর সর্ববৃহৎ পাটকল আদমজি জুট মিল্স। পাকিস্তানি আমলে শিল্প বা কলকারখানা প্রতিষ্ঠার ৰেত্রে এ অঞ্চলটি পাকিস্তানি শাসকদের বৈষম্য বা বঞ্চনার শিকার হয়। এক কথায় বাংলাদেশ সৃষ্টির পূর্বে এদেশে শিল্প সূচনা লাভ করে এবং কিছুটা বিকাশ লাভ করে।

**গ** বাংলাদেশে পুনরায় পাটের ব্যবসায়ের উজ্জ্বল সাফল্যের সম্ভাবনা দেখা দেওয়ায় জনাব আক্তার হোসেন আবার পাটের ব্যবসায় ফিরে আসলেন। বাংলাদেশে বৃহৎ শিল্পের মধ্যে পাট শিল্প ছিল অন্যতম। পাকিস্তান আমলে নারায়ণগঞ্জে প্রতিষ্ঠিত হয় পৃথিবীর সর্ববৃহৎ পাটকল আদমজি জুট মিল্স। এদেশের সর্বত্র পাটের ওপর নির্ভর করে সরকারি ও বেসরকারি পর্যায়ে বহু পাটকল গড়ে ওঠে। এক সময় পাটই ছিল আমাদের প্রধান রপ্তানি সামগ্রী। কিন্তু মাঝের কয়েক বছর সারা বিশ্বে পাট ও পাটজাত দ্রব্যের চাহিদা কমে যায়। সম্প্রতি বাংলাদেশি বিজ্ঞানীদের দ্বারা পাটের ‘জেনোম’ বা জন্মরহস্য আবিষ্কার এবং বিশ্বব্যাপী পরিবেশ সচেতনতা বৃদ্ধির ফলে আবারও পাট ও পাটজাত সামগ্রী রপ্তানিতে বাংলাদেশের সম্ভাবনা উজ্জ্বল হয়ে উঠেছে। আর তাই উদ্দীপকের জনাব আক্তার হোসেন আবার পাটের ব্যবসায় ফিরে এসেছেন।

**ঘ** বাংলাদেশের অর্থনীতিতে জনাব আক্তার হোসেনের কাজটি তথা রপ্তানির গুরবত্ব অত্যধিক। বাংলাদেশ যেসব পণ্য সামগ্রী পৃথিবীর বিভিন্ন দেশে রপ্তানি করছে, তা থেকে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জিত হচ্ছে। এসব বৈদেশিক মুদ্রা বিনিয়োগ করে দেশে বড় বড় কলকারখানা গড়ে উঠছে। সেসব কলকারখানায় সৃষ্টি হচ্ছে বিপুলসংখ্যক কর্মসংস্থান, সৃষ্টি হচ্ছে দরিদ্র ও বেকার মানুষের অর্থ উপার্জনের সুযোগ। ফলে দেশের মানুষের জীবনযাত্রার মান উন্নত হচ্ছে। দেশে দ্রবত শিল্পায়নের সম্ভাবনা তৈরি হচ্ছে। তাছাড়া এদেশের মানুষ যত বেশি উৎপাদন কাজে নিয়োজিত হবে, তত বেশি পণ্য সামগ্রী বিদেশে রপ্তানি করার সুযোগ হবে। এতে দেশ অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হবে। এসব কারণে জনাব আক্তার হোসেনের কাজটি অর্থাৎ পণ্য রপ্তানির গুরবত্ব অপরিসীম।

**প্রশ্ন- ৫ ▸▸**

শামীমা টিভিতে কৃষির উপর একটি প্রামাণ্য চিত্র দেখছিল। সে দেখল একদল মানুষ জমি থেকে টমেটো, ভুট্টা, আলু, তৈলবীজ প্রভৃতি কৃষিপণ্য সংগ্রহ করছে। আবার কিছু মানুষ এসব পণ্য কোল্ড স্টোরেজে জমা রাখছে। আর এসব পণ্যকে কেন্দ্র করে বিভিন্ন প্রকার শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠছে। এসব দেখে তার মনে কৌতূহলের সৃষ্টি হয়।

ক. সরিষা কী ধরনের শস্য। ১

খ. মানুষ সারা বছর নিজেদের চাহিদা পূরণ করতে পারে কীভাবে? ২

গ. উদ্দীপকে শামীমার দেখা প্রামাণ্য চিত্রে কোন বিষয়টি ফুটে উঠেছে? ৩

ঘ.উক্ত বিষয়টির সফলতার ৰেত্রে যেসব প্রতিবন্ধকতা রয়েছে তার সমাধানের উপায় বিশেৱষণ কর। ৪

**ক** সরিষা তৈলজ শস্য।

**খ** কৃষিপণ্যসমূহ সাধারণত এক এক মৌসুমে উৎপাদিত হয়। যে মৌসুমে তা উৎপাদিত হয় শুধুমাত্র সেই মৌসুমেই ঐ উৎপাদিত ফসল ভোগ করা যায়। বর্তমানে জ্ঞান-প্রযুক্তির উৎকর্ষ সাধনের মাধ্যমে আমরা উৎপাদিত কোনো পণ্যকে সারাবছর ভোগ করতে পারি। উৎপাদিত পণ্যকে সংরৰণ ও প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে মানুষ সারা বছর নিজেদের চাহিদা পূরণ করতে পারে। বর্তমানে বাংলাদেশেও কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণের বিভিন্ন প্রতিষ্ঠান গড়ে উঠেছে।

**গ** উদ্দীপকে শামীমার দেখা প্রামাণ্য চিত্রে কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণের বিষয়টি ফুটে উঠেছে। জ্ঞান-প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে যে কোনো পণ্যকে অন্য পণ্যে রূ পান্তর এবং সংরৰণের ব্যবস্থা করাকে প্রক্রিয়াজাতকরণ বলা হয়। কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠান গড়ে উঠার ফলে বাংলাদেশের মতো কৃষিপ্রধান দেশে উৎপাদিত কৃষিজ পণ্যের সর্বোচ্চ ব্যবহার করার সুযোগ সৃষ্টি হয়েছে। এসমস্ত প্রক্রিয়াজাতকরণ শিল্পে প্রচুর লোকের কর্মসংস্থান হচ্ছে। আর কৃষিপণ্যের বহুমাত্রিক ব্যবহারের মাধ্যমে মানুষ সারাবছর নিজেদের চাহিদা মেটাতে পারে। উদ্দীপকে শামীমার দেখা প্রামাণ্য অনুষ্ঠানে টমাটো, ভূট্টা, আলু ও সরিষা কোল্ড স্টোরেজে জমা করছে। টমাটো প্রক্রিয়াজাত করে সয়াসস ও রস তৈরি করা হচ্ছে। আলু প্রক্রিয়াজাত করে চিপস তৈরি করা হচ্ছে। সরিষা প্রক্রিয়াজাত করে বিভিন্ন তৈলজাতীয় সামগ্রী তৈরি করা হচ্ছে। আর এসব প্রক্রিয়াজকৃত পণ্য সামগ্রি সারা বছরব্যাপি মানুষের খাদ্য দ্রব্যের চাহিদা মেটাতে সাহায্য করছে। আলোচনা থেকে বুঝা যায়, শামীমার দেখা প্রামাণ্য চিত্রে কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণের বিষয়টি ফুটে উঠেছে।

**ঘ** কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প প্রতিষ্ঠার মাধ্যমে একটি দেশ অর্থনৈতিকভাবে সমৃদ্ধি লাভ করবে। বর্তমান যুগে উন্নত প্রযুক্তির প্রয়োগের মাধ্যমে জীবনঘনিষ্ঠ অনেক পণ্য সামগ্রি তৈরি করা যায় যা কাজে লাগিয়ে একটি দেশ এগিয়ে যেতে সৰম হয়। প্রক্রিয়াজাতকরণ শিল্পের নানাবিধ সুবিধা থাকার পর এসব প্রতিষ্ঠান গড়ে উঠতে নানাবিধ প্রতিবন্ধকতার মুখোমুখি হতে হয়। যেমন : শিল্পৰেত্রে পুঁজির সমস্যা; গবেষণার সমস্যা, দৰ উদ্যোক্তা ও শ্রমিকের সমস্যা, ত্রবটিপূর্ণ যোগাযোগ ব্যবস্থা ও কৃষিপণ্য সংরৰণের অভাব। উক্ত সমস্যাগুলো দূরীকরণে বিভিন্ন পদৰেপ গ্রহণ করা জরবরি। যেমন : কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ নীতিমালা প্রণয়ন, উন্নত গবেষণার ব্যবস্থা করা, দৰ উদ্যোক্তা ও শ্রমিক সৃষ্টি করার জন্য উপযুক্ত প্রশিৰণের ব্যবস্থা, বিশ্বের বিভিন্ন অভিজ্ঞতা ও জ্ঞান-বিজ্ঞানকে কাজে লাগানো, বাজারজাতকরণ ও পণ্য রপ্তানির ব্যবস্থা করা, উন্নত পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা সমৃদ্ধ করা। উপরোক্ত পদৰেপগুলো যথাযথভাবে গ্রহণের মাধ্যমে কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণের ৰেত্রে প্রতিবন্ধকতাসমূহ দূর করা সম্ভব হবে।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন- ৬ ▸▸**

বিশিষ্ট শিল্পপতি ফারাহ্ খান সম্প্রতি গাজিপুরে একটি কাগজের কার্টুন তৈরির কারখানা প্রতিষ্ঠা করেছেন। কারখানায় বহু বেকারের কর্মসংস্থান হয়েছে। এভাবে দিন দিন শিল্পের প্রসার বাড়ছে। দেশের অর্থনীতিও গতিশীল হচ্ছে।

ক. WTO-এর পূর্ণরূ প কী? ১

খ. বাংলাদেশের অর্থনীতিতে শিল্পের অবদান কী কী? ২

গ. ফারাহ্ খানের সম্প্রতি করা কাজটি কী ধরনের অর্থনৈতিক কার্যক্রম? ব্যাখ্যা কর। ৩

ঘ. ফারাহ্ খানের উদ্যোগটি অর্থনীতিতে সরাসরি প্রভাব ফেলে? বিশেৱষণ কর। ৪

**ক** WTO- এর পূর্ণরূ প হলো World Trade Organisation বা বিশ্ব বাণিজ্য সংস্থা।

**খ** কৃষির পরে দেশের বিরাট সংখ্যাক মানুষের জীবিকার সংস্থান হচ্ছে, শিল্পখাত থেকে। এর অভাবে দেশে বেকারত্বের হার আরও বাড়ত। শিল্পখাতে কর্মসংস্থানের সুযোগ মানুষকে শিৰা ও প্রযুক্তির প্রতি আগ্রহী করে তুলছে। আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার দেশের গন্ডি ছাড়িয়ে আমাদের বিশ্বনাগরিক হিসেবে ভাবতে উদ্বুদ্ধ করছে।

***X-clusive লিংক :*** *প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে-*

**গ** অর্থনীতির অনানুষ্ঠানিক খাত সম্পর্কে বর্ণনা কর।

**ঘ** অর্থনীতিতে অনানুষ্ঠানিক খাতের অবদান বিশেরষণ কর।

**প্রশ্ন– ৭ ▸▸**

১৬ ডিসেম্বর আমাদের বিজয় দিবস। এ দিনটিতে মুক্তিযোদ্ধা আদনানের পরিবার আজও পাড়া প্রতিবেশি সবাইকে মিষ্টি খাওয়ান। আদনান সাহেবের নাতি রিদোয়ান বাসার নিচে কারখানা থেকে সেদিন হাজার খানেক মিষ্টির প্যাকেট নিয়ে আসেন। অতঃপর রাতভর পরিবারের সবাই মিলে মিষ্টি প্যাকেট করেন।

ক. অর্থনৈতিক খাত কয় ধরনের? ১

খ. কুটির শিল্প সম্পর্কে ধারণা দাও। ২

গ. রিদোয়ানের বাসার নিচে কী ধরনের শিল্প গড়ে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ধরনের শিল্পকে দেশের অর্থনৈতিক মেরবদন্ড বলা যাবে কী? পাঠ্যপুস্তকের আলোকে যাচাই কর। ৪

**ক** অর্থনৈতিক খাত ২ ধরনের।

**খ** কুটির শিল্প হচ্ছে এমন একটি শিল্প যেখানে মালিক তার পরিবারের সদস্যদের সহযোগিতায় উৎপাদন ও বিপণন কাজ সম্পন্ন করেন। তাঁত, মাটির তৈরি জিনিসপত্র, বেত, বাঁশ, কাঠ প্রভৃতি কুটির শিল্প হিসেবে পরিচিত।

***X-clusive** লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দবতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** কুটির শিল্প সম্পর্কে বর্ণনা কর।

**ঘ** দেশের অর্থনৈতিক উন্নয়নে কুটির শিল্পের গুরবত্ব বিশেরষণ কর।

**জ্ঞানমুলক ও অনুধাবনমূলক প্রশ্নের উত্তরঃ**

### ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ বাংলাদেশের মানুষের প্রধান জীবিকা কী?**

**উত্তর :** বাংলাদেশের মানুষের প্রধান জীবিকা কৃষি।

**প্রশ্ন ॥ ২ ॥ শহরাঞ্চলের বিকাশের সাথে সাথে অর্থনীতিতে কোনটি গুরুত্বপূর্ণ হয়ে উঠছে?**

**উত্তর :** শহরাঞ্চলের বিকাশের সাথে সাথে অর্থনীতিতে শিল্প ও বাণিজ্য গুরবত্বপূর্ণ হয়ে উঠছে।

**প্রশ্ন ॥ ৩ ॥ উন্নয়নশীল দেশের বেশিরভাগ কার্যক্রম কোন খাতের মাধ্যমে হয়ে থাকে?**

**উত্তর :** উন্নয়নশীল দেশের বেশিরভাগ অর্থনৈতিক কার্যক্রম অনানুষ্ঠানিক খাতের মাধ্যমে হয়ে থাকে।

**প্রশ্ন ॥ ৪ ॥ আমাদের কৃষকেরা কোথায় গুরুত্বপূর্ণ অবদান রাখছে ?**

**উত্তর :** আমাদের কৃষকেরা জাতীয় অর্থনীতিতে গুরবত্বপূর্ণ অবদান রাখছে।

**প্রশ্ন ॥ ৫ ॥ কাদের ভাসমান বলা হয় ?**

**উত্তর :** যারা বিত্তহীন এবং যাদের নিজস্ব বা স্থায়ী বাসাবাড়ি নেই তাদেরকে ভাসমান বা অস্থায়ী বলা হয়।

**প্রশ্ন ॥ ৬ ॥ বর্তমানে বাংলাদেশ কোন শিল্পে বিরাট সাফল্য অর্জন করেছে?**

**উত্তর :** বর্তমানে বাংলাদেশ গার্মেন্টস ও ঔষধ শিল্পে বিরাট সাফল্য অর্জন করেছে।

**প্রশ্ন ॥ ৭ ॥ বিদেশি বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে সরকার কী প্রতিষ্ঠা করেছে?**

**উত্তর :** বিদেশি বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে সরকার রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা প্রতিষ্ঠা করেছে।

**প্রশ্ন ॥ ৮ ॥ জাতীয় জীবনে কোনটির ব্যবহার এখন প্রধান হয়ে উঠছে?**

**উত্তর :** জাতীয় জীবনে শিল্পের ব্যবহার এখন প্রধান হয়ে উঠছে।

**প্রশ্ন ॥ ৯ ॥ বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যের প্রধান বৈশিষ্ট্য কী?**

**উত্তর :** কাঁচামাল রপ্তানি ও শিল্পজাত দ্রব্য আমদানি বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যের প্রধান বৈশিষ্ট্য।

**প্রশ্ন ॥ ১০ ॥ বৈদেশিক বাণিজ্য কী?**

**উত্তর :** এক দেশের সঙ্গে অন্য দেশের পণ্যের আদান-প্রদানকে বলা হয় বৈদেশিক বাণিজ্য।

**প্রশ্ন ॥ ১১ ॥ একটি আন্তর্জাতিক ও একটি আঞ্চলিক বাণিজ্য সংস্থার নাম লেখ।**

**উত্তর :** একটি আন্তর্জাতিক বাণিজ্য সংস্থার নাম W.T.O (World Trade Organisation) বা বিশ্ব বাণিজ্য সংস্থা। একটি আঞ্চলিক বাণিজ্য সংস্থার নাম SAFTA (South Asian Free Trade Area) দক্ষিণ এশিয় মুক্তবাণিজ্য এলাকা।

**প্রশ্ন ॥ ১৩ ॥ বাংলাদেশের পণ্য সামগ্রীর প্রধান ক্রেতা কোন কোন দেশ?**

**উত্তর :** বাংলাদেশের পণ্যসামগ্রীর সবচেয়ে প্রধান ক্রেতা হলো যুক্তরাষ্ট্র। এর পরের সারিতে আছে জার্মানি, যুক্তরাজ্য ও ফ্রান্স।

### ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ গ্রামাঞ্চলের মানুষ কীভাবে জীবিকার সংস্থান করছে?**

**উত্তর :** গ্রামাঞ্চলের মানুষ নিজস্ব উদ্যোগ ও শ্রমে ধানপাট, রবিশস্য, শাকসবজি ও ফলমূল উৎপাদন; মাছ ধরা; গরব-ছাগল ও হাঁস–মুরগি পালন; কুটিরশিল্প; হাটবাজারে পণ্য বিক্রি করার মাধ্যমে তাদের জীবিকার সংস্থান করছে।

**প্রশ্ন ॥ ২ ॥ অর্থনীতিতে অনানুষ্ঠানিক খাতের অবদান উল্লেখ কর।**

**উত্তর :** বাংলাদেশের গ্রামাঞ্চলে বসবাসকারী বেশির ভাগ মানুষ নিজস্ব উদ্যোগে ও শ্রমে ধান, পাট, রবিশস্য, শাকসবজি ও ফলমূল উৎপাদন, মাছধরা, গরব–ছাগল ও হাঁস–মুরগি পালন, কুটিরশিল্প, হাটবাজারে পণ্য বিক্রি করার মাধ্যমে তাদের জীবিকার সংস্থান করছে। শুধু তাই নয়, তারা দেশের অর্থনৈতিক জীবন সচল রাখার ক্ষেত্রেও প্রধান ভূমিকা পালন করছে। একইভাবে শহরাঞ্চলে বসবাসকারী স্বল্প ও মাঝারি এমন কি উচ্চ আয়ের অনেক মানুষও এভাবে বাংলাদেশের অর্থনীতিতে অনানুষ্ঠানিক খাত প্রধান ভূমিকা পালন করছে।

**প্রশ্ন ॥ ৩ ॥ কোন কাজগুলোকে অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজ বলে গণ্য করা হয়?**

**উত্তর :** আমাদের দেশে নিম্নবিত্ত ও বিত্তহীনরা সাধারণত অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজের সাথে জড়িত। ছোটখাটো দোকান, ফুটপাতে হকারি, ফেরিওয়ালা, রিকশা বা

ঠেলাগাড়ি চালক, মুটে, মিস্ত্রি, জোগালি, গার্মেন্টস চাকরি বা বাসাবাড়ির কাজ ইত্যাদি শহরাঞ্চলের অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজ বলে গণ্য করা হয়। আর গ্রামাঞ্চলে নিজস্ব উদ্যোগ ও শ্রমে ফসল উৎপাদন, শাকসবজি ও ফলমূল উৎপাদন, মাছধরা, গরু, ছাগল ও হাঁস-মুরগি পালন, কুটিরশিল্প, হাটবাজারে পণ্য বিক্রি ইত্যাদিকে অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজ বলে গণ্য করা হয়।

**প্রশ্ন ॥ ৪ ॥ বৃহৎ শিল্প বলতে কী বোঝ ?**

**উত্তর :** যেসব শিল্প প্রতিষ্ঠানে প্রচুর মূলধন, দৰ শ্রমিক ও কারিগর, প্রকৌশলী, বিশেষজ্ঞ ও অভিজ্ঞ ব্যবস্থাপকের প্রয়োজন হয় তাকে বৃহৎ শিল্প বলে। পাট, বস্ত্র, চিনি, সিমেন্ট, সার, রেল, ইঞ্জিনিয়ারিং, বিদ্যুৎ প্রভৃতি বৃহৎ শিল্প। এসব শিল্পের উৎপাদন ৰমতা বেশি। এসব প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্য দেশের চাহিদা মিটিয়ে বিদেশে রপ্তানি করা হয়।

**প্রশ্ন ॥ ৫ ॥ বাংলাদেশে গার্মেন্টস শিল্প কী ভূমিকা পালন করছে ?**

**উত্তর :** গার্মেন্টস শিল্প বাংলাদেশের অর্থনীতিতে বিরাট ভূমিকা পালন করছে। বিভিন্ন বিদেশি কোম্পানি বাংলাদেশে এককভাবে ও এদেশীয়দের সঙ্গে যৌথ অংশীদারিত্বে গার্মেন্টস কারখানা স্থাপন করেছে। এদেশে উৎপাদিত পোশাক শিল্প আজ বিশ্ববাজারে সমাদৃত হচ্ছে। বাংলাদেশে গার্মেন্টস শিল্পের বিস্তার লৰ লৰ মানুষ বিশেষ করে নারীদের জন্য কর্মসংস্থানের সুযোগ করে দিয়েছে।

**প্রশ্ন ॥ ৬ ॥ বর্তমানে এক দেশ অন্য দেশের ওপর নির্ভরশীল কেন?**

**উত্তর :** আজকের দিনে এক দেশের সাথে অন্য দেশের খুব সহজেই ও দ্রুত যোগাযোগ করা সম্ভব। ব্যবসায়-বাণিজ্যেও সব দেশকেই মুক্ত প্রতিযোগিতায় নামতে হয়। অর্থনীতির ভাষায় একে বলা হয় মুক্তবাজার অর্থনীতি। আবার ভৌগোলিক অবস্থানগত কারণেও এক দেশকে আরেক দেশের ওপর কমবেশি নির্ভর করতে হয়।

**প্রশ্ন ॥ ৭ ॥ আমরা কীভাবে স্বাবলম্বী হয়ে উঠতে পারি?**

**উত্তর :** আমদানি হ্রাস করে রপ্তানির পরিমাণ বৃদ্ধির মাধ্যমে আমরা জাতি হিসেবে স্বাবলম্বী হয়ে উঠতে পারি। জনগণকে যত বেশি উৎপাদনের কাজে নিয়োজিত করতে পারব, ততই আমরা অর্থনৈতিকভাবে স্বনির্ভর হয়ে উঠব। বাংলাদেশকে একটি মধ্য আয়ের শিল্প সম্ভাবনাময় দেশ হিসেবে গড়ে তুলতে হলে বৈদেশিক বাণিজ্য বিশেষ করে রপ্তানির বিষয়টিকে আমাদের গুরুত্ব দিতে হবে।

**প্রশ্ন ॥ ৮ ॥ বিদেশি বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে সরকার কী কী সুবিধা দিচ্ছে?**

**উত্তর :** বিদেশি বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে সরকার দেশে কয়েকটি রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা প্রতিষ্ঠা করেছে। তাছাড়া বন্দর ও পরিবহন সুবিধা বৃদ্ধি, বিদ্যুৎ ও গ্যাস সরবরাহ ব্যবস্থার উন্নতি, ওয়ান স্টোপ সেবা চালু করার মাধ্যমে সরকার শিল্পখাতে বিদেশি বিনিয়োগ উৎসাহিত করছে।

## ➲ পাঠ-১ : বাংলাদেশের গ্রাম ও শহরের অনানুষ্ঠানিক অর্থনৈতিক কার্যাবলি

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. বাংলাদেশের বেশির ভাগ মানুষ কোথায় বাস করে?** (জ্ঞান)
● গ্রামে ⓑ শহরে ⓖ পাহাড়ে ⓘ বন্দরে

**২. কোনো দেশের অর্থনৈতিক কার্যক্রমকে প্রধানত কয় ভাগে ভাগ করা যায়?** (জ্ঞান)
● ২ ⓑ ৩ ⓖ ৪ ⓘ ৫

**৩. যারা মাটির জিনিস তৈরি করে তাদের কী বলা হয়?** (জ্ঞান)
ⓚ কামার ● কুমোর ⓖ হকার ⓘ মিস্ত্রি

**৪. যেসব অর্থনৈতিক কার্যক্রম সরকার কর্তৃক নিয়ন্ত্রিত হয় না তাকে কোন ধরনের অর্থনৈতিক কার্যক্রম বলে?** (জ্ঞান)
ⓚ আনুষ্ঠানিক ⓑ বাণিজ্যিক ● অনানুষ্ঠানিক ⓘ আন্তর্জাতিক

**৫. বাংলাদেশের অর্থনীতি কোন খাতের ওপর বেশি নির্ভরশীল?** (জ্ঞান)
● অনানুষ্ঠানিক ⓑ আনুষ্ঠানিক ⓖ শিল্প ⓘ রপ্তানি

**৬. বর্তমানে শহরাঞ্চলের বিকাশের সঙ্গে সঙ্গে আমাদের অর্থনীতিতে কী গুরুত্বপূর্ণ হয়ে উঠছে?** (জ্ঞান)
● শিল্প ও বাণিজ্য | কৃষি ও কুটির শিল্প | আনুষ্ঠানিক খাত | অনানুষ্ঠানিক খাত

**৭. বাংলাদেশের অর্থনীতিতে কোন খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে?** (জ্ঞান)
ⓚ আনুষ্ঠানিক খাত ● অনানুষ্ঠানিক খাত ⓖ শিল্পখাত ⓘ বাণিজ্য খাত

**৮. বাংলাদেশের মানুষের জীবিকার প্রধান উপায় কোনটি?** (জ্ঞান)
ⓚ শিল্প ⓑ বাণিজ্য ● কৃষি ⓘ ব্যবসা

**৯. বিভিন্ন স্থানে ঘুরে ঘুরে যে পণ্য সামগ্রী বিক্রি করে তাকে কী বলে?** (জ্ঞান)
ⓚ কামার ● হকার ⓖ কুমোর ⓘ ব্যবসায়ী

**১০. যাদের নিজস্ব বা স্থায়ী বাসাবাড়ি নেই তাদের কী বলা হয়?** (জ্ঞান)
ⓚ উচ্চবিত্ত ⓑ মধ্যবিত্ত ● ভাসমান ⓘ নিম্নবিত্ত

**১১. কোন কাজের জন্য মজুরি নির্ধারিত নেই?** (অনুধাবন)
ⓚ কৃষি কার্যক্রম ● অনানুষ্ঠানিক কার্যক্রম
ⓖ আনুষ্ঠানিক কার্যক্রম ⓘ অবাণিজ্যিক কার্যক্রম

**১২. অর্থনীতির কোন কার্যক্রম করের আওতায় আনা কঠিন?**
ⓚ আনুষ্ঠানিক কার্যক্রম ● অনানুষ্ঠানিক কার্যক্রম
ⓖ বাণিজ্য কার্যক্রম ⓘ প্রযুক্তি কার্যক্রম

**১৩. সাম্প্রতিককালে কৃষিসহ গ্রামীণ অর্থনীতিতে কোনটির ব্যবহার লক্ষ করা যায়?** (জ্ঞান)
ⓚ কুটিরশিল্প ⓑ কায়িকশ্রম ⓖ সমবায় প্রথা ● প্রযুক্তি

**১৪. আমাদের দেশে অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজে নিয়োজিত থাকে কারা?** (অনুধাবন)
ⓚ উচ্চবিত্তরা ● নিম্নবিত্তরা ⓖ মধ্যবিত্তরা ⓘ ক্ষমতাসীনরা

**১৫. শহরাঞ্চলের অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজ কোনটি?** (জ্ঞান)
● ফুটপাতে হকারি ⓑ মাছ ধরা
ⓖ শাকসবজি উৎপাদন ⓘ হাঁস-মুরগি পালন

**১৬. অর্থনৈতিক মূল্য রয়েছে এমন যে কোনো কাজ সেবা বা বিনিময়কে কী বলা হয়?** (জ্ঞান)
● অর্থনৈতিক কার্যক্রম ⓑ সামাজিক কার্যক্রম
ⓖ ধর্মীয় কার্যক্রম ⓘ রাজনৈতিক কার্যক্রম

**১৭. দেশকে উন্নত করতে হলে আমাদের অর্থনীতিকে কী করতে হবে?** (প্রয়োগ)
ⓚ বৃহৎ শিল্পের দিকে গুরুত্ব দিতে হবে
● সবল ও গতিশীল করে তুলতে হবে
ⓖ মাঝারি শিল্পের বিকাশ ঘটাতে হবে
ⓘ অনানুষ্ঠানিক খাতের দিকে জোর দিতে হবে

**১৮. নিচের কোনটি অনানুষ্ঠানিক অর্থনৈতিক কার্যক্রম?** (জ্ঞান)
ⓚ সরকারি চাকরি ⓑ বেসরকারি চাকরি
ⓖ ব্যবসা-বাণিজ্য ● গৃহস্থালির কাজ

**১৯. বাংলাদেশের অর্থনীতিতে অনানুষ্ঠানিক খাতের অপর নাম কী?** (জ্ঞান)
ⓚ প্রচলিত খাত ⓑ অপ্রচলিত খাত ⓖ অপ্রধান খাত ● প্রথাগত খাত

**২০. ভারতের মতো উন্নয়নশীল দেশের বেশিরভাগ অর্থনৈতিক কার্যক্রম কোন খাতের অন্তর্ভুক্ত?** (প্রয়োগ)

বিনিময় খাত | সেবা খাত | ● অনানুষ্ঠানিক খাত | আনুষ্ঠানিক খাত

**২১. বাংলাদেশের গ্রামাঞ্চলে বসবাসকারী বেশিরভাগ মানুষ কীভাবে জীবিকা নির্বাহ করে?**
ⓚ সরকারি উদ্যোগ ও শ্রমে ⓚ নারী উদ্যোগ ও শ্রমে
ⓖ দলীয় উদ্যোগ ও শ্রমে ● নিজস্ব উদ্যোগ ও শ্রমে

**২২. অর্থনীতির অনানুষ্ঠানিক খাতকে অর্থনীতির প্রথাগত খাত বলা হয় কেন?** (অনুধাবন)
● অতীতকাল থেকে এসব কাজ করার কারণে
ⓚ বর্তমানে এসব কাজ শুরব হওয়ার কারণে
ⓖ বর্তমানে এসব কাজে প্রযুক্তি ব্যবহারের কারণে
ⓖ এসব কাজের জন্য মজুরি নির্ধারিত নেই বলে

**২৩. দেশের মোট খাদ্য চাহিদার বড় অংশ কারা উৎপাদন করছে?**
ⓚ গ্রামের কামার ● গ্রামের চাষি ⓖ গ্রামের ছেলে

**২৪. জাতীয় অর্থনীতিতে কোন খাতটি গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা পালন করে?** (জ্ঞান)
ⓚ শহরাঞ্চলের অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজ
ⓚ শহরাঞ্চলের আনুষ্ঠানিক অর্থনৈতিক কাজ
ⓖ গ্রামাঞ্চলের আনুষ্ঠানিক অর্থনৈতিক কাজ
● গ্রামাঞ্চলের অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজ

**২৫. উচ্চবিত্ত ও মধ্যবিত্ত শ্রেণির লোকেরা সাধারণত কোন ধরনের অর্থনৈতিক কাজ করে?** (জ্ঞান)
ⓚ প্রথাগত ⓚ অনানুষ্ঠানিক ● আনুষ্ঠানিক ⓖ ব্যবসায়িক

**২৬. মাহমুদ মিয়া সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত জমিতে কাজ করে। অর্থনীতিতে তাদের এই কাজ কোন কার্যক্রমের মধ্যে পড়ে?** (প্রয়োগ)
ⓚ ঐতিহ্যগত কার্যক্রম ⓚ শ্রমনির্ভর কার্যক্রম
● অনানুষ্ঠানিক কার্যক্রম ⓖ আনুষ্ঠানিক কার্যক্রম

**২৭. কৃষিকাজ অনানুষ্ঠানিক খাতে অন্তর্ভুক্ত হওয়ার পিছনে যৌক্তিক কারণ কোনটি বলে তুমি মনে কর?** (উচ্চতর দক্ষতা)
● এ কাজের মজুরি নির্ধারিত নেই
ⓚ এ কাজ করের আওতার মধ্যে পড়ে
ⓖ সরকারি নীতিতে পরিচালিত হয়
ⓖ প্রকৃতিতে অনিশ্চয়তা থাকায়

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২৮. একটি আধুনিক রাষ্ট্রে গুরুত্বপূর্ণ খাত হলো–** (অনুধাবন)
i. কৃষি ii. শিল্প iii. ব্যবসা–বাণিজ্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**২৯. অনানুষ্ঠানিক কার্যক্রম হলো –** (অনুধাবন)
i. হকারি ii. সরকারি চাকরি iii. দিনমজুরি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩০. আমাদের কৃষকরা জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে–** (অনুধাবন)
i.
ii.
iii.
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩১. অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজের মধ্যে পড়ে –** (অনুধাবন)
i. গ্রামের কুটিরশিল্প ii. কামার–কুমোরের কাজ (অনুধাবন)
iii. ব্যবসায়–বাণিজ্য
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩২. সামাদ মিয়া একজন ভাসমান লোক, শহরাঞ্চলে সে বাস করে –**(প্রয়োগ)
i. বস্তিতে ii. ফুটপাতে iii. রেলস্টেশনে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৩৩. মধ্যবিত্ত শ্রেণির লোকেরা যেসব আনুষ্ঠানিক অর্থনৈতিক কাজ করে –**(অনুধাবন)
i. সরকারি চাকরি ii. বেসরকারি চাকরি iii. ব্যবসায়–বাণিজ্য ⓖ শহরের ব্যবসা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৩৪. নিম্নবিত্ত ও বিত্তহীনরা যেভাবে জীবিকা নির্বাহ করে –** (অনুধাবন)
i. মুটের কাজ করে
iii. গার্মেন্টসে চাকরি করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৩৫. গ্রামাঞ্চলে বসবাসকারী বেশির ভাগ মানুষ নিজস্ব উদ্যোগে জীবিকার সংস্থান করছে –** (অনুধাবন)
i.
ii.
iii.
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও:**
ঢাকায় ঠেলাগাড়ি চালক রমিজ আলী পরিবার–পরিজন নিয়ে বসবাস করেন। তার স্ত্রী বাসাবাড়িতে কাজ করেন। বড় ছেলে গার্মেন্টসে চাকরি করে। ছোট মেয়ে ও ছেলে স্কুলে পড়ে। এ নিয়েই নিম্নবিত্ত রমিজ আলীর সুখের সংসার।

**৩৬. রমিজ আলীর পরিবারের সদস্যরা কোন ধরনের অর্থনৈতিক কাজের সাথে যুক্ত?**
ⓚ আনুষ্ঠানিক অর্থনৈতিক কাজ ⓚ গৃহস্থালির অর্থনৈতিক কাজ
ⓖ বেসরকারি অর্থনৈতিক কাজ ● অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজ

**৩৭. উক্ত অর্থনৈতিক কাজ ভূমিকা রাখে –** (উচ্চতর দক্ষতা)
i. শহরাঞ্চলের মানুষের জীবিকা নির্বাহে
ii. গ্রামাঞ্চলের মানুষের জীবিকা নির্বাহে
iii. দেশের অর্থনীতি সচল রাখতে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ-২ : বাংলাদেশের শিল্প

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৮. পৃথিবীর সর্ববৃহৎ পাটকল আদমজি জুট মিলস কোথায় প্রতিষ্ঠিত হয়?** (জ্ঞান)
ⓚ মানিকগঞ্জে ⓚ মুন্সিগঞ্জে ● নারায়ণগঞ্জে ⓖ গোপালগঞ্জে

**৩৯. বাংলাদেশ কত সালে স্বাধীন হয়?** (জ্ঞান)

ⓚ ১৯৫২ ⓚ ১৯৬৬ ● ১৯৭১ ⓖ ১৯৮১

**৪০. দেশের অর্থনৈতিক মেরুদন্ড হিসেবে কাজ করে কোন শিল্প?** (জ্ঞান)

● বৃহৎ শিল্প ⓚ মাঝারি শিল্প ⓖ ক্ষুদ্র শিল্প ⓖ কুটিরশিল্প

**৪১. জাতীয় অর্থনীতিতে কোন শিল্পের গুরুত্ব অত্যধিক?** (জ্ঞান)

● বৃহৎ ⓚ মাঝারি ⓖ ক্ষুদ্র ⓖ কুটির

**৪২. এক সময় আমাদের দেশে প্রধান শিল্প ছিল কোনটি?** (জ্ঞান)

ⓚ চিনি শিল্প ⓚ চা শিল্প ● পাট শিল্প ⓖ গার্মেন্টস শিল্প

**৪৩. কোন শিল্পের উৎপাদন ক্ষমতা অনেক বেশি?** (জ্ঞান)

● বৃহৎ শিল্প ⓚ মাঝারি শিল্প ⓖ ক্ষুদ্র শিল্প ⓖ কুটির শিল্প

**৪৪. যেসব শিল্প প্রতিষ্ঠানে দেড় কোটি টাকার অধিক মূলধন খাটে সেগুলোকে সাধারণত কোন শিল্প বলে?** (অনুধাবন)

ⓚ বৃহৎ শিল্প ● মাঝারি শিল্প ⓖ ক্ষুদ্র শিল্প ⓖ কুটির শিল্প

**৪৫. হিমাগার কোন ধরনের শিল্প?** (জ্ঞান)

ⓚ বৃহৎ ● মাঝারি ⓖ ক্ষুদ্র ⓖ কুটির

**৪৬. যে শিল্পে উৎপাদন ও বিপণনের কাজটি প্রধানত মালিক নিজে বা তার পরিবারের সদস্যরাই করে থাকেন তাকে কোন শিল্প বলে?** (অনুধাবন)

● কুটির শিল্প ⓚ ক্ষুদ্র শিল্প ⓖ মাঝারি শিল্প ⓖ বৃহৎ শিল্প

**৪৭. কুটিরশিল্প জাতীয় অর্থনীতিতে মূল্যবান অবদান রাখে কীভাবে?** (অনুধাবন)

● বাণিজ্যিক প্রসারের মাধ্যমে

ⓚ সবচেয়ে বৈদেশিক মুদ্রা অর্জনে

ⓖ কর্মসংস্থান ও স্বনির্ভরতা অর্জনের মাধ্যমে

ⓖ দেশে ও বিদেশে সম্পর্ক স্থাপনের মাধ্যমে

**৪৮. দেড় কোটি টাকার কম মূলধন আছে যে শিল্পে তাকে কী শিল্প বলে?**(জ্ঞান)

ⓚ মাঝারি শিল্প ● ক্ষুদ্র শিল্প ⓖ বৃহৎ শিল্প ⓖ কুটিরশিল্প

**৪৯. সিমেন্ট শিল্প কোন শিল্পের অন্তর্ভুক্ত?** (জ্ঞান)

ⓚ মাঝারি ● বৃহৎ ⓖ কুটির ⓖ ক্ষুদ্র

**৫০. বাংলাদেশে শিল্প কলকারখানা কোন আমল থেকে গড়ে উঠতে থাকে?** (জ্ঞান)

ⓚ সুলতানি আমল থেকে ⓚ নবাবী আমল থেকে

ⓖ প্রাচীন আমল থেকে ● ব্রিটিশ আমল থেকে

**৫১. কোন শিল্প বিস্তারের মাধ্যমে নারীদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পেয়েছে?** (জ্ঞান)

ⓚ পাট শিল্প ● গার্মেন্টস শিল্প ⓖ ক্ষুদ্র শিল্প ⓖ সিরামিক শিল্প

**৫২. অনিল ঘোষের শাড়ি, মিষ্টির প্যাকেট ও আগরবাতি তৈরির কারখানা আছে? এটি কোন শিল্পের উদাহরণ?** (প্রয়োগ)

ⓚ মাঝারি ● কুটির ⓖ বৃহৎ ⓖ ক্ষুদ্র

**৫৩. বিশ্ববাজারে আমাদের কোনটি আজ সমাদৃত হচ্ছে?** (জ্ঞান)

● উৎপাদিত পোশাক ⓚ পাট

ⓖ চামড়া ⓖ হালকা ইঞ্জিনিয়ারিং

**৫৪. কীসের ফলে শিল্প ও বাণিজ্যের ভূমিকা আমাদের অর্থনীতিতে ক্রমে গুরুত্বপূর্ণ হয়ে উঠছে?** (উচ্চতর দৰতা)

ⓚ ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসারের ফলে

ⓚ নগরের বিস্তার ও জীবনমান কমার ফলে

● নগরের বিস্তার ও জীবনমান বৃদ্ধির ফলে

ⓖ গ্রামের বিস্তার ও জীবনমান সহজের ফলে

**৫৫. কৃষির পর দেশের বিরাট সংখ্যক মানুষের জীবিকার সংস্থান হচ্ছে –** (জ্ঞান)

ⓚ বৈদেশিক খাতের মাধ্যমে ⓚ আনুষ্ঠানিক খাতের মাধ্যমে

● শিল্প খাতের মাধ্যমে ⓖ সরকারি খাতের মাধ্যমে

**৫৬. কীসের ব্যবহার আমাদের বিশ্ব নাগরিক হিসেবে ভাবতে উদ্বুদ্ধ করছে?** (জ্ঞান)

● আধুনিক তথ্য-প্রযুক্তি ⓚ আধুনিক সমাজব্যবস্থা

ⓖ আধুনিক অর্থনীতি ⓖ আধুনিক সংস্কৃতি

**৫৭. শিল্পখাতে কর্মসংস্থানের সুযোগ মানুষকে কোনটির দিকে আগ্রহী করে তুলছে?**

ⓚ ব্যবসা ও বাণিজ্যের প্রতি ⓚ কৃষি ও শিল্পের প্রতি

● শিক্ষা ও প্রযুক্তির প্রতি ⓖ শিল্প ও বিনিয়োগের প্রতি

**৫৮. কোন শিল্পে বিশেষজ্ঞ ও অভিজ্ঞ ব্যবস্থাপকের প্রয়োজন দেখা দেয়?**(জ্ঞান)

ⓚ মাঝারি শিল্পে ● বৃহৎ শিল্পে

ⓖ ক্ষুদ্র শিল্পে ⓖ কুটিরশিল্পে

**৫৯. বিদেশি বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে সরকার দেশে কী প্রতিষ্ঠা করছে?** (অনুধাবন)

ⓚ গার্মেন্টস এলাকা ⓚ আমদানি প্রক্রিয়াকরণ এলাকা

● রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা ⓖ কলকারখানা

**৬০. বর্তমানে বাংলাদেশ বিরাট সাফল্য অর্জন করছে কোন শিল্পে?** (অনুধাবন)

ⓚ সিমেন্ট ও সার শিল্পে ⓚ ইঞ্জিনিয়ারিং ও বিদ্যুৎ শিল্পে

● গার্মেন্টস ও ঔষধ শিল্পে ⓖ চা ও চামড়া শিল্পে

**৬১. কোল্ডস্টোরেজ স্থাপন কোন ধরনের শিল্প–কারখানা?** (প্রয়োগ)

ⓚ বৃহৎ শিল্প ● মাঝারি শিল্প ⓖ ক্ষুদ্র শিল্প ⓖ কুটিরশিল্প

**৬২. বিদেশি বিনিয়োগকারীদের এদেশে বিনিয়োগ করতে আগ্রহের মূল কারণ কী?** (উচ্চতর দক্ষতা)

ⓚ উন্নত অবকাঠামো ● শ্রমের স্বল্পমূল্য

ⓖ কাঁচামালের প্রাচুর্য ⓖ উন্নত যোগাযোগ ব্যবস্থা

**৬৩. দেশের সামাজিক অগ্রগতিতে ভূমিকা রাখছে কোনটি?** (জ্ঞান)

ⓚ চিনি শিল্প ⓚ কাগজ শিল্প ⓖ পাট শিল্প ● গার্মেন্টস শিল্প

**৬৪. শিল্প সম্ভাবনাময় দেশ কোনটি?** (জ্ঞান)

ⓚ আমেরিকা ⓚ জাপান ⓖ চীন ● বাংলাদেশ

**৬৫. বাংলাদেশে কোন সম্পদটি বেশি রয়েছে?** (জ্ঞান)

ⓚ মৎস্যসম্পদ ● জনসম্পদ ⓖ বনজসম্পদ ⓖ পানিসম্পদ

**৬৬. সরকার শিল্পখাতে বিদেশি বিনিয়োগকে উৎসাহিত করছে কোনটি চালুর মাধ্যমে?** (জ্ঞান)

ⓚ প্রচুর শ্রম সেবা ⓚ কম সুদে মূলধন সেবা

ⓖ প্রচুর কাঁচামাল সেবা ● ওয়ান স্টোপ সেবা

**৬৭. বাংলাদেশে শিল্প সমৃদ্ধ দেশ হলে কোনটি ঘটবে?** (উচ্চতর দক্ষতা)

● দারিদ্র্য হ্রাস ও বেকার সমস্যার সমাধান

ⓚ মজুরি বৃদ্ধি ও বিনিয়োগ সমস্যার প্রকটতা বৃদ্ধি

ⓖ মূল্যহ্রাস ও ক্রেতা সমস্যার সমাধান

ⓖ দ্রব্যের পরিমাণ হ্রাস ও দারিদ্র্যতা হ্রাস

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৮. ব্রিটিশ আমল থেকে গড়ে ওঠা প্রধান শিল্প –** (অনুধাবন)

i. পাট কল ii. ঔষধ শিল্প iii. কাপড়ের কল

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৬৯. শিল্প প্রতিষ্ঠানকে ভাগ করা হয় যে বিচারে –** (অনুধাবন)

i. শ্রমিকের সংখ্যা

iii.

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৭০. **বৃহৎ শিল্প বলতে বোঝায়–** (অনুধাবন)

i. পাট শিল্প

[ii. বস্ত্র শিল্প i]

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৭১. **বিদেশি বিনিয়োগের ফলে–** (উচ্চতর দক্ষতা)

i. শিল্প-কারখানা গড়ে উঠবে ii. জাতীয় অর্থনীতি শক্তিশালী হবে

iii. [অর্থনৈতিক ক্ষতি সা... হবে]

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৭২. **মাঝারি শিল্পের উদাহরণ হলো –** (অনুধাবন)

i. সিল্ক ii. চিনি iii. সিরামিক

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৭৩. **বৃহৎ শিল্প প্রতিষ্ঠায় দরকার হয়–** (অনুধাবন)

i. দক্ষ শ্রমিক ও কারিগর ii. প্রচুর মূলধন ও বিশেষজ্ঞ

iii. [প্রশিক্ষিত ব্যবস্থাপক ও প্রকৌশলী]

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৭৪. **কুটিরশিল্পের অন্তর্ভুক্ত–** (অনুধাবন)

i. বেত ও কাঠের কাজ

ii. তাঁতবস্ত্র ও মাটির তৈরি জিনিস

iii. [... উৎপাদন]

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৭৫. **বিদেশি বিনিয়োগ উৎসাহিত করতে সরকার পদক্ষেপ নিয়েছে–** (অনুধাবন)

i. শ্রমিকের মজুরি বৃদ্ধি করতে

ii. বন্দর ও পরিবহন সুবিধা বৃদ্ধি করতে

iii. [বিদ্যুৎ ও গ্যাস ব্যবস্থার উন্নতি]

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓖ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭৬ ও ৭৭ নং প্রশ্নের উত্তর দাও :**

হারুন যুবকেন্দ্র থেকে বাঁশ ও বেতের উপর প্রশিক্ষণ নেয়। গ্রামে ফিরে সামান্য কিছু ঋণ নিয়ে একটি কারখানা স্থাপন করে। এ থেকে তার অনেক টাকা লাভ হয়। হারুনকে দেখে উৎসাহিত হয়ে তার কয়েকজন বেকার বন্ধুও এ ধরনের কারখানা স্থাপন করে। ফলে গ্রামবাসীর অবস্থার উন্নতি হয়।

৭৬. **হারুনের বাঁশ ও বেতের কারখানা কোন ধরনের শিল্পের মধ্যে পড়ে?** (প্রয়োগ)

ⓚ বৃহৎ শিল্প ⓖ মাঝারি শিল্প ⓖ ক্ষুদ্র শিল্প ● কুটিরশিল্প

৭৭. **উক্ত শিল্প জাতীয় অর্থনীতিতে ভূমিকা রাখে –** (উচ্চতর দক্ষতা)

i. অসংখ্য মানুষের কর্মসংস্থান করে

ii. দ্রব্য সামগ্রী বাজারে সরবরাহ করে

iii. স্বনির্ভরতা অর্জনের সুযোগ দান করে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

### ➲ পাঠ-৩ : বাংলাদেশের আমদানি ও রপ্তানি

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭৮. **দেশের চাহিদা মিটিয়ে উৎপাদিত সামগ্রীর একটি অংশ বিদেশে কী করা হয়?** (জ্ঞান)

ⓚ আমদানি ● রপ্তানি ⓖ লেনদেন ⓘ পাচার

৭৯. **দক্ষিণ এশীয় মুক্ত বাণিজ্য এলাকাকে সংক্ষেপে কী বলে?** (জ্ঞান)

ⓚ WTO ⓖ SAARC ● SAFTA ⓘ NAFTA

৮০. **বিশ্ব বাণিজ্য সংস্থার সংক্ষিপ্ত নাম কী?** (জ্ঞান)

ⓚ GATT ⓖ WHO ● WTO ⓘ UNO

৮১. **সম্প্রতি কোন দেশের বিজ্ঞানীরা পাটের 'জেনোম' বা 'জন্মরহস্য' আবিষ্কার করেন?**

ⓚ যুক্তরাষ্ট্রের বিজ্ঞানীরা ⓖ চীনের বিজ্ঞানীরা

● বাংলাদেশের বিজ্ঞানীরা ⓘ ভারতের বিজ্ঞানীরা

৮২. **এক সময় আমাদের প্রধান রপ্তানি সামগ্রী কী ছিল?** (জ্ঞান)

ⓚ চাল ⓖ গম ● পাট ⓘ আলু

৮৩. **বিদেশে পণ্য রপ্তানি করে আমরা কী অর্জন করে থাকি?** (জ্ঞান)

ⓚ বৈদেশিক সাহায্য ● বৈদেশিক মুদ্রা বৈদেশিক ঋণ বিদেশিদের আস্থা

৮৪. **বিভিন্ন দেশের মধ্যে পারস্পরিক চুক্তির আওতায় কোন কার্যক্রম পরিচালিত হয়?**

● বৈদেশিক বাণিজ্যিক কার্যক্রম ⓖ বৈদেশিক সহায়তা কার্যক্রম

ⓖ বৈদেশিক আমদানি কার্যক্রম ⓘ বৈদেশিক রপ্তানি কার্যক্রম

৮৫. **আমদানি ও রপ্তানি কোন ধরনের বাণিজ্য?** (অনুধাবন)

ⓚ স্থানীয় বাণিজ্য ● বৈদেশিক বাণিজ্য

ⓖ অভ্যন্তরীণ বাণিজ্য ⓘ আঞ্চলিক বাণিজ্য

৮৬. **বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে কোন দেশের আমদানির চেয়ে রপ্তানি[illegible]**

● উন্নত ⓖ অনুন্নত ⓖ উন্নয়নশীল ⓘ বাণিজ্যিক

৮৭. **বিদেশ থেকে পণ্য আমদানি ও বিদেশে পণ্য রপ্তানিকে কী বলে?** (জ্ঞান)

● বৈদেশিক বাণিজ্য ⓖ আমদানি বাণিজ্য

ⓖ দেশীয় বাণিজ্য ⓘ বিনিময় বাণিজ্য

৮৮. **২০১২-২০১৩ অর্থবছরে বাংলাদেশ বিদেশ থেকে কী পরিমাণ পণ্যসামগ্রী আমদানি করেছে?** (জ্ঞান)

ⓚ ৩৩.০৭৩ মিলিয়ন ডলারের

● ৩৪.০৮৪ মিলিয়ন ডলারের

ⓖ ৩৫.০৯৫ মিলিয়ন ডলারের

ⓘ ৩৬.০১০ মিলিয়ন ডলারের

৮৯. **SAFTA এর পূর্ণরূপ কী?** (জ্ঞান)

ⓚ South Asain Free Trade Agreement

● South Asian Free Trade Area

ⓖ South Africa Free Trade Area

ⓘ South American Free Trade Area

৯০. **বাংলাদেশের প্রধান রপ্তানি দ্রব্য কোনটি?** (জ্ঞান)

ⓚ শিশুখাদ্য ⓖ কৃষি যন্ত্রপাতি

ⓖ কলকব্জা ● তৈরি পোশাক

৯১. **বাংলাদেশ কোন পণ্যটি আমদানি করে?** (জ্ঞান)

চামড়াজাত দ্রব্য হিমায়িত চিংড়ি ● ভোজ্য তেল ⓘ শাকসবজি

৯২. **২০১৩-১৪ অর্থবছরে বাংলাদেশের আমদানি ব্যয় কত ছিল?** (জ্ঞান)

● ৪০,৭৩২ মিলিয়ন মার্কিন ডলার

২৮,৯৪৬ মিলিয়ন মার্কিন ডলার

**৯৩. সম্প্রতি বাংলাদেশি বিজ্ঞানীরা পাটের কী আবিষ্কার করেছেন?** (জ্ঞান)

ⓚ মৃত্যু রহস্য ● জন্মরহস্য ⓖ জিন রহস্য ⓖh বৃদ্ধি রহস্য

**৯৪. ২০১২–২০১৩ অর্থবছরে বাংলাদেশ বিভিন্ন সামগ্রী রপ্তানি করে কত মার্কিন ডলার আয় করেছে?** (জ্ঞান)

ⓚ ১০০৫৫ মিলিয়ন মার্কিন ডলার

● ২৭০২৭.৪ মিলিয়ন মার্কিন ডলার

ⓖ ১১১৫৫ মিলিয়ন মার্কিন ডলার

ⓖh ১১০৫৬ মিলিয়ন মার্কিন ডলার

**৯৫. পণ্য সামগ্রী রপ্তানির ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের পরের স্থানে রয়েছে কোন দেশ?**(জ্ঞান)

ⓚ যুক্তরাজ্য ⓚh ফ্রান্স ⓖ চীন ● জার্মানি

**৯৬. কোন অর্থবছরে বাংলাদেশের রপ্তানি আয় ৩০১৭৬.৮ মিলিয়ন মার্কিন ডলার?**

ⓚ ২০০৮ – ২০০৯ ⓚh ২০০৯ – ২০১০

ⓖ ২০১০ – ২০১১ ● ২০১৩ – ২০১৪

**৯৭. WTO এর বাংলা পূর্ণরূপ কী?** (জ্ঞান)

ⓚ বিশ্ব আমদানি সংস্থা ⓚh বিশ্ব রপ্তানি সংস্থা

● বিশ্ব বাণিজ্য সংস্থা ⓖh বিশ্ব বৈদেশিক বাণিজ্য সংস্থা

**৯৮. SAFTA এর বাংলা অর্থ কী?** [মাইলস্টোন কলেজ, ঢাকা]

● দক্ষিণ এশীয় মুক্ত বাণিজ্য এলাকা ⓚh দক্ষিণ আফ্রিকা মুক্ত বাণিজ্য এলাকা

ⓖ দক্ষিণ আটলান্টা মুক্ত বাণিজ্য এলাকা ⓖh দক্ষিণ আমেরিকা মুক্ত বাণিজ্য এলাকা

**৯৯. বাংলাদেশকে শিল্প সম্ভাবনাময় দেশ হিসেবে গড়ে তুলতে হলে কোন বিষয়ের ওপর বেশি গুরুত্ব দেয়া উচিত?** (উচ্চতর দক্ষতা)

ⓚ আমদানির ওপর ⓚh ব্যবসা-বাণিজ্যের ওপর

● রপ্তানির ওপর ⓖh সামাজিক অবস্থার ওপর

**১০০. বিশ্বব্যাপী পরিবেশ সচেতনতা বৃদ্ধির ফলে কোন শিল্পের রপ্তানি সম্ভাবনা উজ্জ্বল হয়ে উঠছে?** (প্রয়োগ)

ⓚ গার্মেন্টস শিল্প ● পাট শিল্প ⓖ তাঁত শিল্প

**১০১. একটি বলপেন কলমের কারখানা স্থাপনের জন্য বিদেশ থেকে যন্ত্রপাতি ক্রয় করা কোনটিকে নির্দেশ করে?** (প্রয়োগ)

● আমদানি ⓚh রপ্তানি ⓖ বাজার ⓖh চুক্তি

**১০২. বিদেশ থেকে পণ্য আমদানির প্রধান কারণ কোনটি?** (উচ্চতর দক্ষতা)

ⓚ বিদেশের সাথে সুসম্পর্ক গড়া ● দেশের মানুষের চাহিদা পূরণ

ⓖ অভ্যন্তরীণ শৃঙ্খলা অর্জন ⓖh রাজনৈতিক স্থিতিশীলতা রক্ষা

**১০৩. নিচের কোন দিকটির সাথে SAFTA এর সম্পর্ক আছে?** (প্রয়োগ)

ⓚ পণ্যের পরিমাণ ● বাণিজ্য শুল্ক নির্ধারণ

ⓖ পণ্যের দাম ⓖh পণ্য পরিবহন ব্যবস্থা

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**১০৪. বাণিজ্যিক সংস্থা হলো–** (অনুধাবন)

i. WTO ii. SAFTA iii. WHO

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১০৫. পোশাকসহ বাংলাদেশের পণ্য সামগ্রীর ক্রেতা হলো–** (অনুধাবন)

i. যুক্তরাষ্ট্র ii. ফ্রান্স iii. জার্মানি

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

২৭,৯৪৬ মিলিয়ন মা[র্কি]ন ডলার

২৯,৯৪৬ মিলিয়ন মা[র্কি]ন ডলার

**১০৬. বাংলাদেশ বিদেশে রপ্তানি করে–** (অনুধাবন)

i. চা ii. তেল iii. তৈরি পোশাক

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১০৭. বাংলাদেশ বিদেশ থেকে আমদানি করে–** (অনুধাবন)

i. সার ii. পেট্রোল iii. যন্ত্রপাতি

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

**১০৮. বৈদেশিক বাণিজ্যের ফলে–** (উচ্চতর দক্ষতা)

i. শিল্প সম্প্রসারণ হচ্ছে ii. অর্থনীতির মন্দা বাড়ছে

iii. কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে (জ্ঞান)

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০৯ ও ১১০ নং প্রশ্নের উত্তর দাও :**

মিতা তার বাবার কাছ থেকে জানতে পারল বাংলাদেশ প্রতিবছর তৈরি পোশাক, চা, হিমায়িত চিংড়ি রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করে। ঠিক তেমনি নিয়মিত বিভিন্ন পণ্য যেমন– চাল, ভোজ্যতেল, অপরিশোধিত পেট্রোল ইত্যাদি আমদানি করে। সরকারি ও বেসরকারি উভয় খাতেই এই বাণিজ্য চলে।

**১০৯. উদ্দীপকে উল্লিখিত পণ্য রপ্তানি ও পণ্য আমদানি কী নামে পরিচিত?**(প্রয়োগ)

আমদানি বাণিজ্য রপ্তানি বাণিজ্য ● বৈদেশিক বাণিজ্য

**১১০. উক্ত কার্যক্রমটি যেভাবে পরিচালিত হয়–** (উচ্চতর দক্ষতা)

i.

ii.

iii. আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থা কর্তৃক তদারকি হয়

**নিচের কোনটি সঠিক?**

ⓖh পোশাক শিল্প

ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ-৪ : কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**১১১. জ্ঞান–প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে যেকোনো পণ্যকে অন্যপণ্যে রূপান্তর এবং সংরক্ষণের ব্যবস্থা করে। যে সব প্রতিষ্ঠান তা করে থাকে সেগুলোকে কী বলা হয়?**

● প্রক্রিয়াজাতকরণ শিল্প ⓚh আমদানি পণ্যসামগ্রী শিল্প

ⓖ রপ্তানিপণ্যসামগ্রী ⓖh আমদানি ও রপ্তানি শিল্প

**১১২. বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশে কৃষিজপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প গড়ে উঠেছে। এর ফলাফল বিশ্লেষণে কী পাওয়া যায়?** (উচ্চতর দক্ষতা)

ⓚ প্রক্রিয়াজাতকরণ শিল্পের উন্নতি

● মানুষের সারা বছরের চাহিদাপূরণ

ⓖ চাহিদা মোতাবেক পণ্য রূ পান্তর না হওয়া

ⓖh পরিবেশের উপর এর প্রভাব

**১১৩. বাংলাদেশ একটি কৃষিপ্রধান দেশ কেন?** (অনুধাবন)

● কৃষিপণ্য উৎপাদিত হওয়ায় ⓚh কৃষির লাভজনক অবস্থা হওয়ায়

ⓖ কৃষিপণ্য রপ্তানি হওয়ায় ⓖh কৃষির আমদানি হওয়ায়

**১১৪. প্রক্রিয়াজাতকরণ শিল্পের সমস্যা সমাধানের উপায় কী?** (জ্ঞান)

● উচ্চশিৰা　ⓚ কৃষির ব্যবহার
ⓖ কম মজুরি প্রদান　ⓘ বিনিয়োগ সৃষ্টি

**১১৫. দক্ষ উদ্যোক্তা নিয়োগ কোন সমস্যা সমাধানের উপায়?** (জ্ঞান)

ক পরিবহন　খ যোগাযোগ
● প্রক্রিয়াজাতকরণ　ঘ বাজার সৃষ্টি

**১১৬. কৃষিজপণ্যকে কেন্দ্র করে কোনটি গড়ে উঠেছে?** (জ্ঞান)

ক বাজার　খ কারখানা
গ গুদামঘর　● প্রক্রিয়াজাতকরণ শিল্প

**১১৭. সরিষা ও তৈলজ শস্য প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কোনটি তৈরি হচ্ছে?**(জ্ঞান)

● তৈলজাতীয় সামগ্রী　খ উন্নতবাজার
গ রপ্তানি　ঘ আমদানি

**১১৮. বাংলাদেশ অর্থনৈতিকভাবে সমৃদ্ধি লাভ করেছে কীভাবে?** (অনুধাবন)

ক বিদেশে কৃষিজপণ্য রপ্তানি করে
খ বিদেশ থেকে পণ্য আমদানি করে
গ প্রক্রিয়াজাতকরণ শিল্প প্রতিষ্ঠার মাধ্যমে
● ফলজ ও ফুলজ বীজের চাষাবাদ করে

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**১১৯. প্রক্রিয়াজাতকরণ হলো–** (অনুধাবন)

i. কোনো পণ্যকে অন্য পণ্যে রূপান্তর
ii. প্রযুক্তির মাধ্যমে উৎপাদন
iii. সংরৰণের ব্যবস্থা করার প্রক্রিয়া

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　● i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**১২০. সনাতন পদ্ধতির প্রক্রিয়াজাতকরণের ফলে–** (উচ্চতর দৰতা)

i. চাহিদা মোতাবেক পণ্য রূপান্তরিত করা যায় না
ii. স্বাস্থ্যসম্মত কিনা তা পরীৰা–নিরীৰা করা হয় না
iii. নীতিমালা ও পরিকল্পনা করা হয়

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**১২১. প্রক্রিয়াজাতকরণ শিল্পের সমস্যা সমাধানের অন্যতম উপায়–** (প্রয়োগ)

i. দৰ জনশক্তি নিয়োগে তৎপর হওয়া
ii. উন্নত বিশ্বের অভিজ্ঞতা কাজে লাগানো
iii. অত্যাবশ্যকীয় দ্রব্য তৈরি

**নিচের কোনটি সঠিক?**

ক i　খ ii　● i ও ii　ঘ ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১২৪ ও ১২৫ নং প্রশ্নের উত্তর দাও :**

রূপা হক বিশেষ ব্যবস্থার মাধ্যমে শিশুখাদ্য, দুধ জাতীয় খাদ্য, মাছ, মাংস, আখ, তরিতরকারি সংরৰণের ব্যবস্থা করছে।

**১২২. অনুচ্ছেদে রূপা হকের কার্যক্রমকে কী বলা হয়?** (প্রয়োগ)

ক খাদ্য উৎপাদন　খ খাদ্যের চাহিদা পূরণ
গ সংরৰণের ব্যবস্থা　● প্রক্রিয়াজাতকরণ

**১২৩. রূপা হকের উক্ত কাজের ফলে –** (উচ্চতর দৰতা)

i. মানুষের খাদ্য পণ্যের চাহিদা পূরণ করা সম্ভব হবে
ii. মানুষের খাদ্য পণ্যের পরীৰা–নিরীৰা সম্ভব হবে
iii. মানুষের খাদ্য পণ্যের পরীৰা–নিরীৰা সম্ভব হবে না

**নিচের কোনটি সঠিক?**

● i　খ i ও ii　গ i ও iii　ঘ i, ii ও iii